উচ্চশিক্ষা

# কিউএস বিশ্ববিদ্যালয় র‍্যাঙ্কিংয়ে ভারতের ৩৪, পাকিস্তানের ৯, বাংলাদেশের শুধু ৩টি

প্রথম আলো ডেস্ক

By using this site, you agree to our Privacy Policy. OK

কিউএস র‍্যাঙ্কিংয়ে সূচকগুলো হলো একাডেমিক খ্যাতি, শিক্ষকপ্রতি গবেষণা-উদ্ধৃতি, কর্মসংস্থান, চাকরি বাজারে সুনাম, শিক্ষক-শিক্ষার্থী অনুপাত, আন্তর্জাতিক শিক্ষক অনুপাত, গবেষণা নেটওয়ার্ক, আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাত ও স্থায়িত্ব *ছবি: সংগৃহীত*

---

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) বিশ্বসেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে। গত মঙ্গলবার তাদের ওয়েবসাইটে এই র‍্যাঙ্কিংয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। ‘কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস ২০২৫: টপ গ্লোবাল ইউনিভার্সিটিজ’ শীর্ষক এ তালিকায় এবার বিশ্বের ১ হাজার ৫০৩ বিশ্ববিদ্যালয় জায়গা করে নিয়েছে সূচকের ভিত্তিতে।

বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয় নিয়ে করা এই তালিকায় ভারতের ৩৪টি বিশ্ববিদ্যালয় ও পাকিস্তানের ৯টি বিশ্ববিদ্যালয় জায়গা করে নিয়েছে। র‍্যাঙ্কিংয়ের এ তালিকায় প্রতিবেশি ভারত থেকে অনেক পিছিয়ে আছে বাংলাদেশ। দেশের মাত্র তিনটি বিশ্ববিদ্যালয় সেরার তালিকায় জায়গা করে নিয়েছে। তিনটির মধ্যে পাবলিক বিশ্ববিদ্যালয় দুটি আর বেসরকারি বিশ্ববিদ্যালয় একটি।

২০০৪ থেকে ২০০৯ সাল পর্যন্ত যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশনের সঙ্গে যৌথভাবে সেরা বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিং প্রকাশ করলেও ২০১০ সালে আলাদা হয়ে যায় কিউএস। এর পর থেকে আলাদাভাবে র‍্যাঙ্কিং প্রকাশ করে আসছে তারা। কিউএসের প্রকাশিত সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকাকে বিশ্বব্যাপী সবচেয়ে গ্রহণযোগ্য র‍্যাঙ্কিংগুলোর

By using this site, you agree to our Privacy Policy.

একটি মনে করা হয়। র‍্যাঙ্কিংয়ে এখন ৯টি সূচকে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক মান নিরূপণ করা হয়। প্রতিটি সূচকে ১০০ করে স্কোর থাকে। সব সূচকের যোগফলের গড়ের ভিত্তিতে সামগ্রিক স্কোর নির্ধারিত হয়।

কিউএসের বিশ্বসেরা ৬০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় ঢাকা বিশ্ববিদ্যালয় এগিয়ে এল। প্রথমবারের মতো ৬০০-এর নিচে (৫৫৪তম) এল দেশের অন্যতম বিশ্ববিদ্যালয়টি। এবারের র‍্যাঙ্কিংয়ে বুয়েটের সামান্য উন্নতি হলেও তাদের অবস্থান ৭৫০-এর পরে (৭৬১-৭৭০তম)। র‍্যাঙ্কিংয়ে ৯০০ থেকে ১ হাজার ৪০০-এর মধ্যে স্থান পেয়েছে বাংলাদেশের আরও ১৩টি বিশ্ববিদ্যালয়।

তালিকায় ভারতের মোট ৪৯টি বিশ্ববিদ্যালয় জায়গা করে নিয়েছে। ৪৯টির মধ্যে সেরা ৫ বিশ্ববিদ্যালয় হলো মোনাশ বিশ্ববিদ্যালয়, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি বোম্বে (আইআইটিবি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি দিল্লি (আইআইটিডি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি খড়গপুর (আইআইটি-কেজিপি)।

পাকিস্তানের ১৪টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে শীর্ষ ৫ বিশ্ববিদ্যালয় হলো কায়েদ-ই-আজম ইউনির্ভাসিটি, ন্যাশনাল ইউনির্ভাসিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এনইউএসটি (ইসলামাবাদ), লাহোর ইউনিভার্সিটি অব ম্যানেজমেন্ট সায়েন্স (লাহোর), ইউনির্ভাসিটি অব পাঞ্জাব (লাহোর), ইউনির্ভাসিটি অব অ্যাগ্রিকালচার, ফয়সালাবাদ।

By using this site, you agree to our Privacy Policy.

কিউএস র‍্যাঙ্কিংয়ের সূচক কী

কিউএস র‍্যাঙ্কিংয়ের সূচকগুলো হলো একাডেমিক খ্যাতি (একাডেমিক রেপুটেশন), শিক্ষকপ্রতি গবেষণা-উদ্ধৃতি (সাইটেশনস পার ফ্যাকাল্টি), কর্মসংস্থান (এমপ্লয়মেন্ট আউটকামস্), চাকরির বাজারে সুনাম (এমপ্লয়ার রেপুটেশন), শিক্ষক-শিক্ষার্থী অনুপাত (ফ্যাকাল্টি-স্টুডেন্ট রেশিও), আন্তর্জাতিক শিক্ষক অনুপাত (ইন্টারন্যাশনাল ফ্যাকাল্টি রেশিও), আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক (ইন্টারন্যাশনাল রিসার্চ নেটওয়ার্ক), আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাত (ইন্টারন্যাশনাল স্টুডেন্ট রেশিও) ও স্থায়িত্ব (সাসটেইনেবিলিটি) ।

২০২৫ সালের জন্য সদ্য প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক স্কোর ২২ দশমিক ৪০। এর মধ্যে একাডেমিক খ্যাতিতে ২৩, শিক্ষকপ্রতি গবেষণা-উদ্ধৃতিতে ২ দশমিক ৯০, কর্মসংস্থানে ৯৩ দশমিক ৭০, চাকরির বাজারে সুনামে ৪৫ দশমিক ৬০, শিক্ষক-শিক্ষার্থী অনুপাতে ১১ দশমিক ২০, আন্তর্জাতিক শিক্ষক অনুপাত ১ দশমিক ৬০, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্কে ৫২, আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাতে ১ এবং স্থায়িত্বে ১১ দশমিক ৮০ স্কোর করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়।

এবারের র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়-বুয়েট ও নর্থ সাউথ ছাড়া অপর বিশ্ববিদ্যালয়গুলোর কোনোটিরই সামগ্রিক স্কোর উল্লেখ করেনি কিউএস। কিউএসের ২০১৯, ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৮০১ থেকে ১০০০-এর মধ্যে ছিল। ২০২৪ সালের র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছুটা উন্নতি হয়। অবস্থান হয় ৬৯১-৭০০তম। এবারের র‍্যাঙ্কিংয়ে আরও উন্নতি করে ৫৫৪তম অবস্থানে উঠে এল ঢাকা বিশ্ববিদ্যালয়। ২০১৯ থেকে ২০২৪ সালের প্রকাশিত কিউএস র‍্যাঙ্কিংয়ে বুয়েটের অবস্থান ছিল ৮০১-১০০০তম। এ বছরের র‍্যাঙ্কিংয়ে তাদের কিছুটা উন্নতি হয়েছে। অবস্থান ৭৬১-৭৭০তম।

ছবি: কিউএস-এর ওয়েবসাইট থেকে নেওয়া

## তালিকায় বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয়

By using this site, you agree to our Privacy Policy.

এবার বাংলাদেশ থেকে সরকারি ও বেসরকারি মোট ১৫টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। তালিকায় ১০০০-এর বাইরে অবস্থান করা বাকি বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে ১০০১ থেকে ১ হাজার ২০০-এর মধ্যে ব্র্যাক বিশ্ববিদ্যালয়; ১ হাজার ২০১ থেকে ১ হাজার ৪০০-এর মধ্যে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), শাহজালাল বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়। এ ছাড়া তালিকায় ১৪০১+ এর মধ্যে রয়েছে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, স্টামফোর্ড ইউনিভার্সিটি, বাংলাদেশ ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

## বিশ্বের সেরা ১০ বিশ্ববিদ্যালয় কোনগুলো

কিউএসের এবারের র‍্যাঙ্কিংয়ে বিশ্বের ১ হাজার ৫০৩টি বিশ্ববিদ্যালয়কে অন্তর্ভুক্ত করা হয়েছে। ১০০-তে ১০০ স্কোর নিয়ে প্রথম স্থানে রয়েছে যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি)। ৯৮ দশমিক ৫০ স্কোর নিয়ে দ্বিতীয় অবস্থানে আছে যুক্তরাজ্যের ইমপেরিয়াল কলেজ লন্ডন। ৯৬ দশমিক ৯০ স্কোর নিয়ে যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় আছে তৃতীয় অবস্থানে। চতুর্থ অবস্থানে থাকা যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের স্কোর ৯৬ দশমিক ৮০। আর পঞ্চম অবস্থানে থাকা যুক্তরাজ্যের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের স্কোর ৯৬ দশমিক ৭০। এরপরের সেরা ১০-এ থাকা শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হলো যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড, সুইজারল্যান্ডের ইটিএইচ জুরিখ, সিঙ্গাপুরের ন্যাশনাল ইউনির্ভাসিটি অব সিঙ্গাপুর, যুক্তরাজ্যের ইউসিএল, যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউট অব টেকনোলজি (ক্যালটেক)। পার্শ্ববর্তী দেশ ভারতের ৫০টি ও পাকিস্তানের ১৪টি বিশ্ববিদ্যালয় কিউএসের প্রকাশিত এই র‍্যাঙ্কিংয়ে স্থান পেয়েছে।

**প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন**

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.